

গুরুত্বপূর্ণ বিষয়

প্রতি বছর প্রায় ২৫০,০০০ জন নতুন অভিবাসী কানাডায় আগমনের ফলে অভিবাসন জাতির সামাজিক, অর্থনৈতিক ও রাজনৈতিক দৃশ্যের উপর উল্লেখযোগ্য প্রভাব বিস্তার করে। নতুন কানাডীয়রা কয়েক দশক ধরে সারা দেশে প্রাণবন্ত কমিউনিটি এবং শক্তিশালী কর্মশক্তি গড়ে তুলতে সাহায্য করেছ এবং ভবিষ্যতে আমাদের সমষ্টিগত বিকাশ ও সমৃদ্ধিতে অবদান রাখা চালিয়ে যাবে।

পটভূমিকা

২০০৮ সাল থেকে শাসন-সংক্রান্ত নির্দেশনা ব্যবহার করার মধ্য দিয়ে কেন্দ্রীয় সরকার কানাডীয় অভিবাসন ব্যবস্থায় পরিবর্তনের একটি গুরুত্বপূর্ণ পদ্ধতির সূচনা করেছে। এই পদ্ধতিটির মাধ্যমে নাগরিকত্ব ও অভিবাসন বিষয়ক মন্ত্রীকে সংসদের অনুমোদন ছাড়াই অভিবাসন কর্মকর্তাদের কানাডা'র অভিবাসন নীতি ও তার অনুশীলন করতে সরাসরি নির্দেশ দেওয়ার ক্ষমতা প্রদান করা হয়েছে। এই প্রক্রিয়ার ফলে অভিবাসন নীতিতে দ্রুত পরিবর্তন ঘটিয়েছে; আর এই পরিবর্তন অভিবাসনের ধরনের উপর স্বামী এবং এইভাবে আগামী কয়েক দশকের জন্য কানাডার অভিবাসন জনসংখ্যার উপর প্রভাব ফেলবে।

এই পরিবর্তনগুলোর একটি উদাহরণ হচ্ছে অভিবাসনে একটি আগ্রহ প্রকাশপত্র (বা দ্রুত প্রবেশ) মডেল-এ কানাডা'র পরিবর্তন, যে পদ্ধতির মাধ্যমে প্রত্যাশিত অভিবাসীদের কানাডায় অভিবাসনের আবেদন করার জন্য আমন্ত্রণ চাওয়ার পূর্বে একটি “আগ্রহ প্রকাশপত্র” সম্পন্ন করতে হবে। এই মডেল অনুসারে, প্রত্যাশিত অভিবাসী যারা অভিবাসন আবেদনপত্রের অন্যান্য সকল অপরিহার্য শর্তগুলো পূরণ করতে সক্ষম হবেন, তাদের কানাডা, তার প্রদেশ এবং অঞ্চলসমূহে এবং প্রধান নিয়োগকর্তা ও নিয়োগকর্তার দলগুলোর অর্থনৈতিক ও শ্রমশক্তির চাহিদার উপর ভিত্তি করে বাছাই করা হবে এবং অভিবাসনের জন্য আবেদন করতে আমন্ত্রণ জানানো হবে।

এই পরিবর্তনটির অন্তর্নিহিত অর্থ হল আরও কার্যকর ও দক্ষ অভিবাসন ব্যবস্থা যা বর্তমান অর্থনৈতিক অবস্থার উপর ভিত্তি করে যথাযথভাবে অভিবাসীদের নির্বাচন করে। কিন্তু এই মডেল অভিবাসন ব্যবস্থার প্রতি একটি উল্লেখযোগ্য পরিবর্তন নির্দেশ করে যা শুধুমাত্র অর্থনীতি এবং শ্রম বাজারের প্রতি নির্ভরশীল। আরও উদ্বোধনের ব্যাপার হলো, এটাতে দক্ষতার নামে দ্রুত প্রবেশ মডেলটি কানাডীয়দের কাছ থেকে সরিয়ে নিয়ে নিয়োগকর্তা ও নিয়োগকর্তাদের পক্ষাবলম্বনকারী দলের হাতে অভিবাসন সংক্রান্ত সিদ্ধান্ত নেওয়ার ব্যাপারে অত্যধিক ক্ষমতা প্রদান করে।

কানাডার একটি কার্যকর ও দক্ষ অভিবাসন ব্যবস্থা প্রয়োজন। জাতির সামাজিক ও অর্থনৈতিক চাহিদাসমূহকে সহায়তা করতে ব্যবস্থাটিতে ক্ষমতাসালীদের ক্ষমতা সীমিত সংক্রান্ত বিষয়টি সুনিশ্চিত করার প্রয়োজন রয়েছে।

প্রশ্নাবলী

- ১। আপনার মতে কানাডা'র অভিবাসন কর্মসূচির সামগ্রিক লক্ষ্য কি?
- ২। আপনি কিভাবে দ্রুত প্রবেশ মডেলটির অধীনে বাছাই প্রক্রিয়ায় সম্ভাব্য অসামঞ্জস্যগুলোকে তুলে ধরবেন?
- ৩। আপনি কি মনে করেন শাসন-সংক্রান্ত নির্দেশনা ব্যবহার করার মধ্য দিয়ে অভিবাসন বিষয়ক মন্ত্রীকে এত বেশি ক্ষমতা প্রদান করা যথাযথ হয়েছে?

সম্পদ:

এই সিরিজের আরও তথ্য এবং অতিরিক্ত তথ্য পত্রের জন্য <http://spno.ca/canada-votes-2015> -এ দেখুন।

এই সিরিজটি ক্যানাডীয়ান কাউন্সিল অন সোশ্যাল ডেভেলপমেন্ট, কমিউনিটি ডেভেলপমেন্ট কাউন্সিল ডারহাম, কমিউনিটি ডেভেলপমেন্ট হন্টন, অ্যাডমন্টন সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল, সেন্ট জন হিউম্যান ডেভেলপমেন্ট কাউন্সিল, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব বিসি, সোশ্যাল প্ল্যানিং অ্যান্ড রিসার্চ কাউন্সিল অব হ্যাংগটন, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব ক্যামব্রিজ অ্যান্ড নর্থ ডামফ্রাইজ, সোশ্যাল প্ল্যানিং কাউন্সিল অব কিচেনার-ওয়াটারলু, সোশ্যাল প্ল্যানিং নেটওয়ার্ক অব অন্টারিও, এবং সোশ্যাল প্ল্যানিং টরন্টো কর্তৃক প্রকাশিত।